ভাঙনের হুমকিতে কাউখালীর আমরাজুরি ফেরিঘাট মসজিদ

written by Chandradip News24 | October 30, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক:: পিরোজপুরের কাউখালী উপজেলার ব্যস্ততম আমরাজুরি বাজার ফেরিঘাট এলাকার জামে মসজিদটি সন্ধ্যা নদী ও গাবখান চ্যানেলের ভাঙনের কবলে পড়েছে। ভয়াবহ ভাঙনের ফলে যেকোনো সময় মসজিদটি নদীগর্ভে বিলীন হওয়ার শঙ্কা দেখা দিয়েছে। গাবখান চ্যানেল ও সন্ধ্যা নদীর মোহনায় অবস্থিত মসজিদটি এখন মারাত্মক ঝুঁকির মধ্যে রয়েছে, যা মানচিত্র থেকে চিরতরে হারিয়ে যেতে পারে।

সরেজমিনে দেখা যায়, কাউখালী-বরিশাল ভায়া নেছারাবাদ সড়কের আমরাজুরি ফেরিঘাট এলাকার মূল সড়ক ভেঙে নদীগর্ভে বিলীন হয়ে গেছে। কয়েকবার ফেরিঘাট পরিবর্তন করেও সমস্যার স্থায়ী সমাধান মেলেনি।

সম্প্রতি আবারও এলাকাটি ভাঙনের কবলে পড়েছে, আর সবচেয়ে ঝুঁকিতে রয়েছে ফেরিঘাট জামে মসজিদটি। মসজিদটি মুসল্লিদের কাছে স্মৃতি হয়ে যেতে পারে যেকোনো সময়। প্রশাসন ও স্থানীয় জনসাধারণের

সহযোগিতায় কয়েক মাস আগে মসজিদটি সংস্কার করা হলেও বর্তমান পরিস্থিতি খুবই সংকটাপন্ন।

গত বছর পানি উন্নয়ন বোর্ডের সহায়তায় প্রায় ১৭ হাজার জিও ব্যাগ ফেলা হলেও ভাঙন রোধ করা সম্ভব হচ্ছে না। স্থানীয় জনগণ দ্রুত ভাঙন প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছে।